দৈনিক জনকণ্ঠ

FEB. 27 2001
তারিখ ...
পৃষ্ঠা ৭-৫ কলাম ৩

ইউনেস্কো এবং গণপ্রজাতন্ত্রী চীন সরকারের যৌথ উদ্যোগে চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে নন-ডিগ্রী পোস্ট গ্রাজুয়েট কোর্সের জন্য আগ্রহী বাংলাদেশী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ২০০১ শিক্ষাবর্ষের জন্য ঘোষিত এই বৃত্তির আওতায় মোট ২০টি ফেলোশিপ প্রদান করা হবে।
এই ফেলোশিপ প্রদান করা হবে মোট ৩৭টি বিষয়ের ওপর। আর এই সব বিষয় অধ্যয়ন করা যাবে চীনের ৭টি বিশ্ববিদ্যালয়ে।

**ফেলোশিপ প্রোগ্রামের মেয়াদ**

ইউনেস্কো এবং চীন সরকারের যৌথ উদ্যোগে প্রস্তাবিত এই ফেলোশিপ প্রোগ্রামের মেয়াদ ১ বছর বা তার চেয়ে কম।

আবেদন করতে ইচ্ছুক প্রার্থীদের যোগ্যতা
১. মাস্টার্স বা সমমানের ডিগ্রী
২. ইংরেজীতে দক্ষতার সনদপত্র
৩. বয়স ৪৫ বছরের কম হতে হবে।
৪. শারীরিক ও মানসিকভাবে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

**আবেদন করতে হবে কিভাবে**

বাংলাদেশে অবস্থিত জাতীয় ইউনেস্কো কমিশন থেকে সরবরাহকৃত চীনের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে।

# ইউনেস্কো ও চীন সরকারের ফেলোশিপ প্রোগ্রাম-২০০১

আবেদনপত্রের সাথে যা যা লাগবে
৩ প্রস্থ আবেদনপত্রের সাথে নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবে ঃ
১. প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত।
২. স্কুল সনদপত্র থেকে শুরু করে সকল শিক্ষাপ্রতিষ্ঠানের ডিপ্লোমা/ডিগ্রী অর্জনের সনদপত্র ও মার্কশীট।
৩. যে সকল প্রার্থী চীনের বিশ্ববিদ্যালয়ে আগাম ভর্তি হতে ইচ্ছুক তাদের নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের সুপারিশপত্র সংযুক্ত করতে হবে।
৪. প্রার্থীর সদ্যতোলা ১ কপি পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে।

ফেলোশিপের আওতায় চীন সরকারের প্রদত্ত সুযোগ-সুবিধা
১. খাওয়া ও পকেট খরচ বাবদ প্রতি প্রার্থীকে মাসিক ভাতা হিসাবে ৭০৪০ থেকে ৮৯৬০ বাংলাদেশী টাকার সমান ইয়েন প্রদান করবে।
২. ট্রেনিংসংক্রান্ত যাবতীয় ব্যয় ঃ যেমন-বিশ্ববিদ্যালয়ের বেতন, পাঠ্যপুস্তক ক্রয়, ল্যাবরেটরি এবং শিক্ষা উপকরণ ইত্যাদি চীন সরকার বহন করবে।
৩. চীনে অধ্যয়নকালে যাবতীয় চিকিৎসার সুবিধা পাওয়া যাবে।

ইউনেস্কো কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধা
১. চীনে যাওয়া আসার জন্য যাবতীয় আন্তর্জাতিক ভ্রমণ ব্যয় ইউনেস্কো বহন করবে।
২. প্রত্যেক প্রার্থীকে সাপ্লিমেন্টারি ভাতা হিসাবে বাংলাদেশী টাকার ৫৪০০ টাকা প্রদান করা হবে।

**আবেদনপত্র জমা দেয়ার তারিখ**

২৮ ফেব্রুয়ারি ২০০১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জাতীয় ইউনেস্কো কমিশনের সচিবের দফতর থেকে যাবতীয় তথ্য সংগ্রহ করে ১৫ মার্চ ২০০১ ইং তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন ১নং এশিয়ান হাইওয়ে পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫।
এই ঠিকানায় আবেদনপত্রসমূহ জমা দিতে হবে।